# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** | **বিষয়: জীব বিজ্ঞান**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | **দ্বিতীয় অধ্যায়:** জীবকোষ ও টিস্যু | • জীবকোষ<br>• উদ্ভিদ ও প্রাণিকোষের প্রধান অঙ্গানু এবং তাদের কাজ<br>• উদ্ভিদ ও প্রাণীর কাজ পরিচালনায় বিভিন্ন প্রকার কোষের ভূমিকা<br>○ উদ্ভিদটিস্যু<br>○ প্রাণিটিস্যু<br>• অঙ্গ ও তন্ত্র<br>অণুবীক্ষণ যন্ত্র | হাত তোমার দেহের একটি অঙ্গ, যার মধ্যে সবধরণের টিস্যু বিদ্যমান। কোন টিস্যুটি হাতের কোথায় অবস্থান করছে এবং কি কাজ করছে চিত্রসহ পোস্টার পেপারে উপস্থাপন কর। | ১। পোস্টার পেপার এর ব্যাবস্থা না থাকলে ক্যালেন্ডারের পিছনের সাদা পৃষ্ঠা ব্যবহার করা যেতে পারে।<br><br>২। নিজ পাঠ্যপুস্তকসহ প্রয়োজনে উপরের বা নিচের শ্রেণির পাঠ্যপুস্তকের সাহায্যে নেওয়া যেতে পারে।<br><br>৩। স্পষ্টকরণের লক্ষ্যে সাইন পেন/মার্কার এর কালির রং নির্বাচনের ক্ষেত্রে সচেতন থাকতে হবে। | **অতি উত্তম:**<br>১। পরিপূর্ণ মাত্রায় বিষয়বস্তু যথার্থ ও ধারাবাহিক<br>২। সঠিক চিত্রের অঙ্কন (স্ট্র্যাটিফাইড আবরণী, রক্ত, ঐচ্ছিক পেশি ও স্নায়ু টিস্যু)<br>৩। বাক্য গঠন ও বানান সঠিক<br><br>**উত্তম:**<br>১। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তু যর্থাথ ও ধারাবাহিক<br>২। সঠিকভাবে সবগুলো চিত্রের অঙ্কন<br>৩। অধিকাংশ ক্ষেত্রে বাক্য গঠন ও বানান সঠিক<br><br>**ভালো:**<br>১। কিছু ক্ষেত্রে বিষয়বস্তু যথার্থ ও ধারাবাহিক<br>২। কিছু ক্ষেত্রে সঠিক চিত্র অঙ্কন<br>৩। কিছু ক্ষেত্রে বাক্য গঠন ও বানান সঠিক<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২। সঠিক চিত্র অঙ্কনের অভাব<br>৪। অধিকাংশ ক্ষেত্রে বাক্য গঠন ও বানান ভুল |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: ফিন্যান্স ও ব্যাংকিং**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩** | দ্বিতীয় অধ্যায়: অর্থায়নের উৎস | ২.০ ভূমিকা<br>২.১ বিভিন্ন প্রকার তহবিলের উৎসের ধারণা<br>২.২ অভ্যন্তরীণ তহবিল<br>২.২.১ অভ্যন্তরীণ উৎসের মালিকানাভিত্তিক শ্রেণিবিভাগ<br>২.২.২ অভ্যন্তরীণ উৎসের মুনাফাভিত্তিক শ্রেণিবিভাগ<br>২.৩ বহিস্থ উৎস<br>২.৩.১ বহিস্থ অর্থায়নের স্বল্পমেয়াদি উৎস<br>২.৪ বহিস্থ অর্থায়নের মধ্যমেয়াদি উৎস<br>২.৫ বহিস্থ অর্থায়নের দীর্ঘমেয়াদি উৎস<br>২.৬ উৎস নির্বাচনে বিবেচ্য বিষয়সমূহ | **চার্ট তৈরি :**<br>‘‘একটি কোম্পানির আধুনিকায়ন ও দৈনন্দিন কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় তহবিলের উৎস উল্লেখ করে একটি চার্ট তৈরি।’’ | ➢ পাঠ্যবইয়ে প্রদত্ত ছক থেকে চার্ট তৈরিতে প্রয়োজনীয় উৎসসমূহ উল্লেখ করতে হবে ।<br>➢ আধুনিকায়নে এবং দৈনন্দিন পরিচালনায় উৎসের শ্রেণি পৃথকভাবে উপস্থাপন করতে হবে। | **অতি উত্তম:**<br>➢ ব্যবসায়ের আধুনিকায়ন ও দৈনন্দিন পরিচালনার সাথে তহবিলের উৎসের যথাযথ সম্পর্ক স্থাপন।<br>➢ বিষয়বস্তুর সাথে অর্থায়নের যথাযথ উৎস চিহ্নিতকরণ।<br>➢ চার্ট তৈরিতে শিক্ষার্থীর স্বকীয়তা ও নির্ভুলতা।<br><br>**উত্তম:**<br>➢ ব্যবসায়ের আধুনিকায়ন ও দৈনন্দিন পরিচালনার সাথে তহবিলের উৎসের যথাযথ সম্পর্ক স্থাপনে বিচ্যুতি।<br>➢ বিষয়বস্তুর সাথে অর্থায়নের যথাযথ উৎস চিহ্নিতকরণ।<br>➢ তালিকা তৈরিতে শিক্ষার্থীর স্বকীয়তা ও নির্ভুলতা।<br><br>**ভালো:**<br>➢ ব্যবসায়ের আধুনিকায়ন ও দৈনন্দিন পরিচালনার সাথে তহবিলের উৎসের যথাযথ সম্পর্ক স্থাপনে বিচ্যুতি ।<br>➢ বিষয়বস্তুর সাথে অর্থায়নের যথাযথ উৎস আংশিক চিহ্নিতকরণ।<br>➢ চার্ট তৈরিতে শিক্ষার্থীর স্বকীয়তা ও নির্ভুলতা।<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>➢ ব্যবসায়ের আধুনিকায়ন ও দৈনন্দিন পরিচালনার সাথে তহবিলের উৎসের যথাযথ স্থাপনে বিচ্যুতি ।<br>➢ বিষয়বস্তুর সাথে অর্থায়নের যথাযথ উৎস আংশিক চিহ্নিতকরণ।<br>➢ চার্ট তৈরিতে শিক্ষার্থীর স্বকীয়তা ও সঠিকতার অভাব। |


# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: পৌরনীতি ও নাগরিকতা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | **দ্বিতীয় অধ্যায়: নাগরিক** ও নাগরিকতা | -নাগরিক ও নাগরিকতা<br>- নাগরিকতা অর্জনের পদ্ধতি<br>- সুনাগরিক<br>- নাগরিক অধিকার<br>- তথ্য অধিকার আইন<br>- অধিকার, কর্তব্য ও সম্পর্ক | ‘পরিপূর্ণ নাগরিক অধিকার পেতে হলে যথাযথ কর্তব্য পালন করতে হয়’- নিচের সংকেতগুলো অনুসরণ করে ২৫০-৩০০ শব্দের উপর একটি প্রতিবেদন তৈরি কর।<br>সংকেত-<br>১। সূচনা<br>২। নাগরিকের গুণাবলী<br>৩। সুনাগরিক হিসাবে তোমার করণীয়/কর্তব্য<br>৪। তোমার পরিবারের সদস্যরা নাগরিক হিসাবে যে সব অধিকার ভোগ করে তার তালিকা<br>৫। উপসংহার | ১। পাঠ্যপুস্তকের পাশাপাশি অন্য বইএর সহায়তা নেয়া যেতে পারে<br>২। পত্র-পত্রিকা থেকে তথ্য সংগ্রহ করা যেতে পারে<br>৩। ইন্টারনেটের সাহায্য নেয়া যেতে পারে | **অতি উত্তম:**<br>১। বিষয়বস্তু যথার্থ ও ধারাবাহিক<br>২। সঠিক তথ্য উপস্থাপন<br>৩। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতা বিদ্যমান<br>**উত্তম:**<br>১। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তু যথার্থ ও ধারাবাহিক<br>২। অধিকাংশ সঠিক তথ্য উপস্থাপন<br>৩। উপস্থাপনায় আংশিকক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা বিদ্যমান<br>**ভাল:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতার অভাব<br>২। আংশিক সঠিক তথ্য উপস্থাপন<br>৩। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>**অগ্রগতির প্রয়োজন:**<br>১। বিষয়বস্তু যথার্থ ও ধারাবাহিক ভাবে বিন্যস্ত নয়<br>২। তথ্য উপস্থাপনায় সঠিকতার অভাব<br>৩। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অনুপস্থিতি |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: উচ্চতর গণিত**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | তৃতীয় অধ্যায়: জ্যামিতি | লম্ব অভিক্ষেপ<br>পিথাগোরাসের উপপাদ্যের বিস্তৃতি :<br>স্থূলকোণী ত্রিভুজের স্থূলকোণের বিপরীত বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্র ঐ কোণের সন্নিহিত অন্য দুইবাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রদ্বয়ের ক্ষেত্রফল এবং ঐ দুই বাহুর যে কোনো একটি ও তার উপর অপর বাহুর লম্ব অভিক্ষেপের অন্তর্গত আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের দ্বিগুণের সমষ্টির সমান।<br>যে কোনো ত্রিভুজের সূক্ষকোণের বিপরীত বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্র অপর দুইবাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রদ্বয়ের ক্ষেত্রফলের সমষ্টি অপেক্ষা ঐ দুইবাহুর যে কোনো একটি ও তার উপর অপরটির লম্ব অভিক্ষেপের অন্তর্গত আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের দ্বিগুণ পরিমাণ কম।<br>ত্রিভুজের যে কোনো দুইবাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রদ্বয়ের ক্ষেত্রফলের সমষ্টি, তৃতীয় বাহুর অর্ধেকের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল এবং ঐ বাহুর সমদ্বিখন্ডক মধ্যমার উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের সমষ্টির দ্বিগুণ। | <br>$BC = CD$<br>(ক) BC বরাবর A বিন্দুর লম্ব অভিক্ষেপের দৈর্ঘ্য কত তা যুক্তিসহ উল্লেখ কর।<br>(খ)AC এর দৈর্ঘ্য নির্ণয় কর।<br>(গ) দেখাও যে, $PQ^2 < PR^2 + QR^2$ | উচ্চতর গণিত পাঠ্যবইয়ের তৃতীয় অধ্যায়ে আলোচিত লম্ব অভিক্ষেপ ও পিথাগোরাসের উপপাদ্যের বিস্তৃতি সম্পর্কে ধারণা নিয়ে সমস্যাটি সমাধান করবে। তাই সম্পূর্ণ অধ্যায়টি ভালো ভাবে পড়ে সমস্যাটি সমাধান কর। | ৩(ক). যুক্তি উপস্থাপন।<br>৩(খ).দৈর্ঘ্য নির্ণয়<br>৩(গ).পিথাগোরাসের উপপাদ্যের বিস্তৃতির প্রমাণ থেকে সিদ্ধান্ত গ্রহণ।<br>অতি উত্তম:<br>সবগুলো অর্জিত হয়েছে।<br>উত্তম:<br>যে কোনো ২টি অর্জিত হয়েছে।<br>ভালো:<br>যে কোনো ১টি অর্জিত হয়েছে।<br>অন্যথায় অগ্রগতি প্রয়োজন। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: কৃষি শিক্ষা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | **দ্বিতীয় অধ্যায়:** কৃষি উপকরণ | **প্রথম পরিচ্ছেদ:** ক্লাশ-১; ফসল বীজ ও বংশ বিস্তারক উপকরণ, ফসল বীজ উৎপাদনের ধাপসমূহ, ক্লাশ-২: বংশ বিস্তারক উপকরণ উৎপাদনের ধাপসমূহ, ফসল বীজের গুরুত্ব, বংশ বিস্তারক উপকরণের গুরুত্ব<br>**দ্বিতীয় পরিচ্ছেদ:** ক্লাশ-৩; আদর্শ পুকুরের বৈশিষ্ট্য, মাছ চাষের পুকুরের পানির গুণাগুণ,<br>ক্লাশ-৪: পুকুরের প্রকারভেদ ও এর বিভিন্ন স্তর, পুকুরের বিভিন্ন স্তর ও পুকুরে বসবাস কারী জীব সম্প্রদায়<br>**তৃতীয় পরিচ্ছেদ:** ক্লাশ-৫; নতুন পুকুর খনন, পুকুর প্রস্তুতকরণ বা মাছ চাষের উপযোগীকরণ<br>ক্লাশ-৬: পুকুরে পোনা ছাড়ার পদ্ধতি<br>**চতুর্থ পরিচ্ছেদ:** ক্লাশ-৭; মাছের অভয়াশ্রম ও মৎস্য অভয়াশ্রম স্থাপনের গুরুত্ব<br>**পঞ্চম পরিচ্ছেদ:** ক্লাশ-৮; মৎস্য সংরক্ষণ আইন | একটি পতিত জলাশয় ও মাছ চাষের জন্য আদর্শ পুকুর পর্যবেক্ষণ করলে এদের মধ্যে বসবাসকারী জীব সম্প্রদায় ও পরিবেশের মধ্যে যে পার্থক্য পরিলক্ষিত হয় তার উপর চিত্রসহ একটি প্রতিবেদন উপস্থাপন কর। | ১.শিক্ষার্থীরা পাঠ্যপুস্তকের দ্বিতীয় অধ্যায়ের দ্বিতীয় ও তৃতীয় পরিচ্ছেদের ধারণা নিবে<br>২. সম্ভব হলে জলাশয় ও মাছ চাষের পুকুর পরিদর্শন করবে<br>৩. মাছ চাষীর সাথে মতবিনিময় করবে<br>৪. বিষয় শিক্ষকের সাথে আলোচনা করবে<br>৫. নিজ হাতে অ্যাসাইনমেন্ট লিখবে | **অতি উত্তম:**<br>১. পতিত জলাশয় ও মাছ চাষের আদর্শ পুকুরের মধ্যে বসবাসকারী জীবগুলোর নাম সঠিকভাবে উল্লেখ করলে<br>২. পতিত জলাশয় ও পুকুরের জীব সম্প্রদায়ের মধ্যে পার্থক্য বুঝতে পেরে সঠিক চিত্র ব্যবহার করে উপস্থাপন করলে<br>৩. লেখায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**উত্তম:**<br>১. পতিত জলাশয় ও মাছ চাষের আদর্শ পুকুরের মধ্যে বসবাসকারী অধিকাংশ জীবগুলোর নাম সঠিকভাবে উল্লেখ করলে<br>২. অধিকাংশ ক্ষেত্রে সঠিক চিত্র ব্যবহার করে পতিত জলাশয় ও পুকুরের জীব সম্প্রদায়ের পার্থক্য উল্লেখ করলে<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>**ভালো:**<br>১. পতিত জলাশয় ও মাছ চাষের আদর্শ পুকুরের মধ্যে বসবাসকারী কিছু জীবের নাম সঠিকভাবে উল্লেখ করলে<br>২. আংশিক ক্ষেত্রে সঠিক চিত্র ব্যবহার ও আংশিক পার্থক্য উপস্থাপন করলে<br>৩. লেখায় সামান্য নিজস্বতা ও সৃজনশীলতা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. সঠিকভাবে পতিত জলাশয় ও মাছ চাষের আদর্শ পুকুরের জীব সম্প্রদায় উল্লেখ না করলে<br>২. সঠিক চিত্র ব্যবহার ও পার্থক্য উপস্থাপনে অসঙ্গতি<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: গার্হস্থ্য বিজ্ঞান**

<table>
<tr><th>অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম</th><th>অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম</th><th>পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু</th><th>অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ</th><th>নির্দেশনা</th><th>মূল্যায়ন রুব্রিক্স</th></tr>
<tr>
<td>অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩</td>
<td>দশম অধ্যায়: খাদ্যের কাজ ও উপাদান</td>
<td>পাঠ ১-<br>খাদ্যের কাজ<br>পাঠ ২-<br>খাদ্যের উপাদান-প্রোটিন<br>পাঠ ৩-<br>কার্বোহাইড্রেট<br>পাঠ ৪-<br>লিপিড বা ফ্যাট ও ভিটামিন<br>পাঠ ৫-<br>ভিটামিন<br>পাঠ ৬-<br>ভিটামিন ‘এ’ ও ‘ডি’<br>পাঠ ৭-<br>ভিটামিন ‘ই’ ও ‘কে’<br>পাঠ ৮-<br>ভিটামিন বি-কমপ্লেক্স - বি$_1$ ও বি$_2$<br>পাঠ ৯-<br>ভিটামিন সি<br>পাঠ ১০-<br>খনিজ লবণ- ক্যালসিয়াম ও ফসফরাস<br>পাঠ ১১-<br>লৌহ ও আয়োডিন<br>পাঠ ১২-<br>পানি</td>
<td>তোমার একদিনের খাদ্য তালিকায় কোন কোন খাদ্য ছিল তা নিচের ছক অনুযায়ী উপস্থাপন কর।<br><table><tr><th>খাদ্যের নাম</th><th>খাদ্য উপাদান</th><th>খাদ্যের কাজ</th><th>অভাজনিত অবস্থা</th><th>খাদ্যের ছবি</th></tr><tr><td></td><td></td><td></td><td></td><td></td></tr></table></td>
<td></td>
<td>অতি উত্তম:<br>১। খাদ্যের নাম ও উপাদানগুলো সঠিকভাবে লিখতে পারা।<br>২। খাদ্যের কাজগুলো ব্যাখ্যা করতে পারা।<br>৩। খাদ্যের অভাজনতি রোগগুলো উল্লেখ করতে পারা।<br>৪। প্রয়োজনীয় ছবি সংযোজন/অংকন করতে পারা<br>৫। লেখায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৬। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br>উত্তম:<br>১। খাদ্যের নাম ও উপাদানগুলো সঠিকভাবে লিখতে পারা।<br>২। খাদ্যের কাজগুলো ব্যাখ্যা করতে পারা।<br>৩। খাদ্যের অভাজনতি রোগগুলো উল্লেখ করতে পারা।<br>৪। প্রয়োজনীয় ছবি সংযোজন/অংকন করতে পারা<br>৫। লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৬। বানান ও বাক্য গঠন ঠিক থাকা।<br>ভালো:<br>১। খাদ্যের নাম ও উপাদানগুলো সঠিকভাবে লিখতে পারা।<br>২। খাদ্যের কাজগুলো ব্যাখ্যা করতে পারা।<br>৩। খাদ্যের অভাজনতি রোগগুলো উল্লেখ করতে পারা।<br>৪। প্রয়োজনীয় ছবি সংযোজন/অংকন করতে পারা<br>৫। লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৬। বানান ও বাক্য গঠন ঠিক না থাকা।<br>অগ্রগতি প্রয়োজন:<br>১। খাদ্যের নাম ও উপাদানগুলো সঠিকভাবে লিখতে পারা।<br>২। খাদ্যের কাজগুলো আংশিকভাবে ব্যাখ্যা করতে পারা।<br>৩। খাদ্যের অভাজনতি রোগগুলো উল্লেখ করতে না পারা।<br>৪। আংশিক ছবি সংযোজন/অংকন করতে পারা<br>৫। লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৬। বানান ও বাক্য গঠন ঠিক না থাকা।</td>
</tr>
</table>

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: অর্থনীতি**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | **দ্বিতীয় অধ্যায়:** অর্থনীতির গুরুত্বপূর্ণ ধারণাসমূহ | ২.১ অর্থনৈতিক সম্পদ<br>২.২ দ্রব্য<br>২.৩ সুযোগ ব্যয় ও চয়ন<br>২.৪ আয়, সঞ্চয় ও বিনিয়োগ<br>২.৫ অর্থনৈতিক কার্যাবলি ও অ- অর্থনৈতিক কার্যাবলি<br>২.৬ বাংলাদেশের অর্থনৈতিক কার্যাবলি | ‘অর্থনীতির পরিভাষায় সম্পদ নির্দিষ্ট বৈশিষ্ট্য ও ধারণার সমন্বয়ে গঠিত।’ -এ সম্পর্কে ২০০ শব্দের মধ্যে একটি প্রতিবেদন লিখ।<br><br>সংকেত:<br>● সূচনা/ভূমিকা<br>● সম্পদের ধারণার বর্ণনা<br>● বাস্তব উদাহারণসহ সম্পদের বৈশিষ্ট্য বর্ণনা<br>● উপসংহার | ● পাঠ্যপুস্তক/ইন্টারনেট/ শিক্ষকের সহায়তায় সম্পদ সম্পর্কে জ্ঞান অর্জন করতে হবে।<br>● সম্পদের শ্রেণিবিভাগ সম্পর্কে ধারণা নিতে হবে<br>● সহপাঠী/শিক্ষক/ অভিভাবকের কাছ থেকে জেনে সম্পদের বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনার মাধ্যমে বুঝে নিতে হবে। | ১। সম্পদের ধারণার সঠিকতা<br>২। সম্পদের বৈশিষ্ট্যের প্রাসঙ্গিকতা<br>৩। বাস্তব উদাহরনের যথার্থতা<br><br>অতি উত্তম:<br>● ৩টি ধাপ যথার্থভাবে লিখেছে<br><br>উত্তম:<br>● যে কোন ১টি ধাপ দুর্বলভাবে/ আংশিক/ ভুলভাবে উপস্থাপন হয়েছে।<br><br>ভালো:<br>● ৩টি ধাপের মধ্যে ১টি যথার্থ এবং ২টি ধাপ দুর্বলভাবে/ আংশিক/ ভুলভাবে উপস্থাপন হয়েছে।<br><br>অগ্রগতি প্রয়োজন:<br>৩টি ধাপই দুর্বল/ আংশিক/ ভুলভাবে উপস্থাপন করেছে। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: চারু ও কারুকলা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | **দ্বিতীয় অধ্যায়:** দেশ-বিদেশের উল্লেখযোগ্য শিল্পী ও শিল্পকর্ম | পাঠ: ১-টিসিয়ান (১৪৮৮-১৫৭৬)<br>পাঠ: ২ রেমব্রান্ট (১৬০৬-১৬৬৯)<br>পাঠ: ৩-মাতিস (১৮৬৯-১৯৫৪)<br>পাঠ: ৪-পল সেজান (১৮৩৯-১৯০৬)<br>পাঠ: ৫-অগুস্ত রদ্যাঁ (১৮৪০-১৯১৭)<br>পাঠ: ৬-রামকিঙ্কর বেইজ (২৬শে মে ১৯০৬-২রা আগস্ট ১৯৮০)<br>পাঠ: ৭-বাংলাদেশের খ্যাতনামা শিল্পীদের পরিচিত<br>পাঠ: ৮-শিল্পাচার্য জয়নুল আবেদিন<br>পাঠ: ৯-কামরুল হাসান<br>পাঠ: ১০-আনোয়ারুল হক<br>পাঠ: ১১-এস. এম. সুলতান<br>পাঠ: ১২-শফিউদ্দিন আহমেদ<br>পাঠ: ১৩-কাজী আবুল কাশেম<br>পাঠ: ১৪-আমাদের শিল্পকলায় ঐতিহ্য ও মুক্তিযুদ্ধের চেতনা | ১৯৪৩ সালে কেন দুর্ভিক্ষ হয়েছিল? শিল্পাচার্য জয়নুল আবেদিনের আঁকা দুর্ভিক্ষের ছবিগুলো বিখ্যাত কেন? বর্ণনা কর। | শিল্পাচার্য জয়নুল আবেদিনের জীবনী ও তাঁর শিল্পকর্ম থেকে। পাঠ্যপুস্তকে ভারতবর্ষের ইতিহাস থেকে। জাতীয় জাদুঘর, বই, ইন্টারনেট ইত্যাদি থেকে। | **অতি উত্তম:**<br>প্রসঙ্গিক, তথ্যনির্ভর, বস্তুনিষ্ঠ ও ধারাবাহিকতা।<br>**উত্তম:**<br>তুলনামূলক কম তথ্যনির্ভর।<br>**ভালো:**<br>তথ্যের ঘাটতি, ধারাবাহিকতার অভাব।<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>বিষয়বস্তু সম্পর্কে যথেষ্ট ধারণার অভাব। |